



আল-আরাফাহ্
ইসলামী ব্যাংক লিমিটেড

العرفه اسلامى بنك لميتيد

Al-Arafah Islami Bank Limited



বাংলাদেশ ব্যাংক

ড. আতিউর রহমান
গভর্নর

বাণী



প্রচলিত ব্যাংকিং এর পাশাপাশি ইসলামী ব্যাংকিং-এ নব প্রজন্মের ব্যাংক আল-আরাফাহ্ ইসলামী ব্যাংক লিমিটেড তার ব্যবসায়িক সফলতার পথ ধরে ১০০তম শাখা উদ্বোধন করতে যাচ্ছে জেনে আমি অত্যন্ত আনন্দিত।

দেশের 'মিসিং মিডল' শ্রেণীসহ ব্যাপক সংখ্যক মানুষ ব্যাংকিং কার্যক্রমে অন্তর্ভুক্তির মাধ্যমে কাংখিত মাত্রায় প্রবৃদ্ধি সৃষ্টি হবে, আর্থিক খাত ও রাজস্ব খাতের নীতি-নির্ধারণকদের এমন নীতির প্রতি পূর্ণ দৃষ্টি রেখে আল-আরাফাহ্ ব্যাংকের এগিয়ে যাওয়াকে আমি সাধুবাদ জানাতে চাই।

বিশ্ব মন্দা-উত্তর নানা প্রতিকূলতার মধ্যেও আমাদের ব্যাংকিং খাত বেশ ভালো অবস্থানে রয়েছে। মূলধন পর্যাঙ্কতা, আমানত ও ঋণ প্রবৃদ্ধি, অগ্রিম আমানত অনুপাত, স্ট্রেস টেস্টিং পর্যায়, কৃষি এবং ক্ষুদ্র ও মাঝারি উদ্যোগে ঋণ সঞ্চালন, সহনীয় মূল্যায়ন, বাজার ভিত্তিক সুদহার, বৈদেশিক মুদ্রার রিজার্ভ, স্থিতিশীল আন্তঃব্যাংক মুদ্রা বাজার হার, বৈদেশিক মুদ্রা বাজারে স্থিতিশীলতা ইত্যাদি সামগ্রিক অর্থনীতির সূচকে নিশ্চিত প্রতিভাত হয় যে, দেশের ব্যাংকিং খাত বেশ স্বস্তিকর অবস্থানে রয়েছে। প্রধানতঃ উৎপাদনশীল খাতগুলোয় পর্যাপ্ত অর্থায়নের নীতি, বাংলাদেশ ব্যাংকের নানা প্রণোদনা ও প্রচারণা, স্থিতিশীল টাকার মূল্য এবং সর্বোপরি ব্যাংকিং খাতের ব্যাপক প্রতিযোগিতাপূর্ণ ও আন্তরিক প্রচেষ্টায় এ সাফল্য অর্জিত হয়েছে বলে আমি দৃঢ়ভাবে বিশ্বাস করি।

একবিংশ শতাব্দীর প্রারম্ভে তথ্য প্রযুক্তির স্বর্ণযুগে আমাদের ব্যাংকিং ইভালুইডের ব্যবসায়িক দৃষ্টিভঙ্গিতে ব্যাপক পরিবর্তন এসেছে। আধুনিক ও নতুন প্রজন্মের ব্যাংকগুলোও ক্রমাগত mass banking'র দিকে ঝুঁকছে। অন্তর্ভুক্তিমূলক অর্থায়ন ও দারিদ্র্য বিমোচনে অবদান রাখছে। প্রযুক্তি ও নীতি নির্ভর ব্যাংকিং, গ্রীন ব্যাংকিং, সিএসআর বা কল্যাণমূলক ব্যাংকিং, সেবামূলক ব্যাংকিং সর্বক্ষেত্রে আল-আরাফাহ্ ইসলামী ব্যাংকের ভূমিকা বিশেষ প্রশংসনীয় বলে আমি উল্লেখ করতে চাই। শততম শাখা উদ্বোধনের মাধ্যমে ব্যাংকটি তার সাফল্য ও সমৃদ্ধিতে যে নতুন মাত্রা যোগ করলো তা নিশ্চয় করে বলা যায়।

আমি ইসলামী আদর্শ ও নীতি নির্ভর আল-আরাফাহ্ ইসলামী ব্যাংকের সার্বিক সাফল্য কামনা করি।

আল-আরাফাহ্ ইসলামী ব্যাংক লিমিটেডঃ প্রতিষ্ঠা ও পরিচিতি

আল কুরআন ও রাসুল্লাহ (সাঃ) এর প্রদর্শিত জীবনবিধান মেনে ইহকাল ও পরকালের সাফল্য অর্জনের লক্ষ্যে ১৯৯৫ সালের ১৮ জুন আল-আরাফাহ্ ইসলামী ব্যাংক লিঃ একটি পাবলিক লিমিটেড কোম্পানী হিসেবে এর কার্যক্রম শুরু করে। দেশের ২০ জন অন্যতম বিশিষ্ট ইসলামী ব্যক্তিত্বকে নিয়ে এ ব্যাংকের পরিচালনা পর্ষদ গঠিত। ব্যাংকের মোট অনুমোদিত মূলধন ১০০০ কোটি টাকা এবং গত ৩১ অক্টোবর ২০১২ইং তারিখ পর্যন্ত পরিশোধিত মূলধনের পরিমাণ ৭১৩ কোটি টাকা।

গত ৩১ অক্টোবর ২০১২ইং তারিখের হিসাব অনুযায়ী ব্যাংকের শেয়ারহোল্ডারগণের ইকুইটির পরিমাণ ১৩০২ কোটি টাকা, ব্যাংকের কর্মকর্তা-কর্মচারীর সংখ্যা ২০৯৪ জন এবং মোট শেয়ারহোল্ডার সংখ্যা ৫২৭২৮। সময়ের অগ্রগতির সঙ্গে তাল মিলিয়ে ব্যাংক নিয়মিত ধারায় শরীয়াহসম্মত ব্যবসা পরিচালনার মাধ্যমে মুনাফা অর্জন এবং শেয়ারহোল্ডারদের ভিত্তিভেদ প্রদান করে আসছে। উচ্চমানসম্পন্ন ও বিশুদ্ধ গ্রাহকসেবা এবং সর্বাধুনিক প্রযুক্তির অনন্য সমন্বয়ই ব্যাংকের সাফল্যের মূল কারণ। গ্রাহকের সুবিধার কথা বিবেচনা করে ব্যাংক বিভিন্ন ধরনের আকর্ষণীয় স্কীম ও সেবা প্রদান করে আসছে। ব্যাংকিং সেবা মানুষের দোরগোড়ায় পৌঁছে দিয়ে জাতীয় অর্থনীতিতে গুরুত্বপূর্ণ অবদান রাখাই এ ব্যাংকের মূল উদ্দেশ্য।

পরিচালনা পর্ষদ


বর্তমানে আল-আরাফাহ্ ইসলামী ব্যাংক লিঃ-এর পরিচালনা পর্ষদের সম্মানিত চেয়ারম্যান হিসেবে দায়িত্বপ্রাপ্ত রয়েছেন দেশের প্রথিতযশা ব্যবসায়ী জনাব বদিউর রহমান। তার নেতৃত্বে পর্ষদের অন্যান্য সদস্যবৃন্দ হলেন সর্বজন্যের সরকার মোহাম্মদ শামীম ইকবাল, আলহাজ্ব মোঃ হারুন-অর-রশীদ খান, আলহাজ্ব নাজমুল আহসান খালেদ, আলহাজ্ব আব্দুল মালেক মোস্তা, হাফেজ মোঃ এনায়েত উল্লাহ, আলহাজ্ব আব্দুল মোজাদির, আলহাজ্ব আহামেদুল হক, আলহাজ্ব আব্দুস সামাদ (লার), আলহাজ্ব আবু নাসের মোহাম্মদ ইয়াহিয়া, ইঞ্জিঃ খন্দকার মেসবাহউদ্দিন আহমেদ, আলহাজ্ব মোহাম্মদ আব্দুস সালাম, আলহাজ্ব নিয়াজ আহমেদ, মোঃ আশিক হোসেন, মোহাম্মদ এমাদুর রহমান, আলহাজ্ব রাশাহু মিয়া, আলহাজ্ব মোহাম্মদ হারুন, ব্রিগেডিয়ার জেনারেল (অবঃ) এম এ মালেক এবং কাজী বদরুদ্দিন আহমেদ। ২০১০ সাল থেকে দেশেরে খ্যাতনামা ও চৌকস ব্যাংকার জনাব একরামুল হক এ ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক হিসেবে দায়িত্বপ্রাপ্ত রয়েছেন।

কর্পোরেট হাইলাইটস

১। কোম্পানী রেজিস্ট্রেশন	৪। ১৮ জুন ১৯৯৫
২। প্রথম শাখা উদ্বোধন	৪। মতিঝিল শাখা, ২৭ সেপ্টেম্বর ১৯৯৫
৩। ৫০তম শাখা উদ্বোধন	৪। যাত্রাবাড়ী শাখা, ২৩ ডিসেম্বর ২০০৮
৪। বিভাগওয়ারী শাখা বিন্যাস	
ক) ঢাকা বিভাগঃ ৫১ খ) চট্টগ্রাম বিভাগঃ ২২	গ) রাজশাহী বিভাগঃ ০৫ ঘ) খুলনা বিভাগঃ ০৭
ঙ) সিলেট বিভাগঃ ০৭ চ) বরিশাল বিভাগঃ ০৪	ছ) রংপুর বিভাগঃ ০৪
৫। অনলাইন নেওয়ার্ক কভারেজ	৪। শতভাগ (১০০ শাখা)
৬। ইকুইটি	৪। ১,৩০২ কোটি টাকা (৩০/৮/২০১২)
৭। আমানত	৪। ১১,৫৮৯ কোটি টাকা (৩১/১০/২০১২)
৮। বিনিয়োগ	৪। ১০,২২১ কোটি টাকা (৩১/১০/২০১২)
৯। বৈদেশিক বিনিয়োগ বানিজ্য	৪। ১২,৯৬০ কোটি টাকা (৩১/১০/২০১২)
১০। জনশক্তি	৪। ২,০৯৪ জন (১৪/১১/২০১২)
১১। শেয়ার হোল্ডার সংখ্যা	৪। ৫২,৭২৮ (৩১/১০/২০১২)
১২। আইপিও ইস্যুর তারিখ	৪। ২৯ জুন, ১৯৯৮
১৩। প্রথম রাইট শেয়ার ইস্যু	৪। ৯ সেপ্টেম্বর, ২০০৩ (১:১)
১৪। দ্বিতীয় রাইট শেয়ার ইস্যু	৪। ৫ ডিসেম্বর, ২০১০ (১:১)
১৫। সিডিবিএল-এ লেনদেন শুরু	৪। ১৮ সেপ্টেম্বর, ২০০৫
১৬। এআইবিএল এটিএম বুথ সংখ্যা	৪। ২৮টি
১৭। এটিএম বুথ (OMNIBUS Network)	৪। ১৪০০+
১৮। ২০১১ সালে প্রদত্ত ডিভিডেন্ড	৪। ২.১% স্টক ডিভিডেন্ড

ক্রেডিট রেটিং

১। রেটিং এজেন্সি	৪। ক্রেডিট রেটিং এজেন্সি অব বাংলাদেশ (ক্রাঃ)
২। দীর্ঘমেয়াদী	৪। এএ-৩
৩। স্বল্পমেয়াদী	৪। এসসি-২



মোঃ নজরুল ইসলাম মজুমদার
সভাপতি
বাংলাদেশ এসোসিয়েশন অব ব্যাংকস

BAB

বাণী



আল-আরাফাহ্ ইসলামী ব্যাংক লিমিটেড-এর শততম শাখা উদ্বোধনের মাহেন্দ্রক্ষণে আমি সর্বেশ্ঠ সকলকে জানাই আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন। বেসরকারী বাণিজ্যিক ব্যাংকগুলোর শীর্ষ সংগঠনের প্রধান হিসাবে আমি আল-আরাফাহ্ ব্যাংকের শততম শাখার উদ্বোধনের খবরে আনন্দিত।

যে কোনো ব্যাংকের আর্থিক সামর্থ্য, সক্ষমতা, দৃঢ়তা, সেবার মান ও বিস্তৃতি প্রকাশের অন্যতম মাপকাঠি এর শাখা নেটওয়ার্ক সংখ্যা। সেই বিবেচনায় আল-আরাফাহ্ ইসলামী ব্যাংক লিমিটেড সফল ব্যাংক। এরই ধারাবাহিকতায় দেশের দক্ষিণপ্রান্তীয় জেলা কক্সবাজারের টেকনাকে এর শততম শাখা উদ্বোধন হতে যাচ্ছে। সেবার নতুন নতুন যার উন্মোচন ও সারা দেশে শাখা বিস্তারের ধারা অব্যাহত থাকবে-এটাই আমার বিশ্বাস।

আমি এ ব্যাংকের উত্তরোত্তর সাফল্য কামনা করি এবং একই সাথে ব্যাংকিং সেক্টরের তথা দেশের আর্থিক উন্নয়নে একযোগে কাজ করার জন্য সকলকে আহ্বান জানাচ্ছি।

মোঃ নজরুল ইসলাম মজুমদার

একরামুল হক

ব্যবস্থাপনা পরিচালক
আল-আরাফাহ্ ইসলামী ব্যাংক লিঃ

কৃতজ্ঞতা



মহান আল্লাহ পাকের অশেষ রহমত ও করুণায় এবং সমগ্র দেশবাসীর অব্যাহত সর্মর্শন ও সহযোগিতা নিয়ে আল-আরাফাহ্ ইসলামী ব্যাংক লিঃ তার শততম শাখার মাইলফলক স্পর্শ করতে যাচ্ছে। আজকের এ মুহূর্তটি আমাদের জন্য অত্যন্ত আনন্দের ও পৌরবের। এ ঘটনা আমাদের এগিয়ে যাওয়ার আরো একটি সফল পদক্ষেপ বলে আমি বিশ্বাস করি।

দীর্ঘ ১৭ বছর ধরে আল-আরাফাহ্ ইসলামী ব্যাংক লিমিটেড শরীয়াহ ভিত্তিক ব্যাংকিং সেবা প্রদানের মাধ্যমে দেশের আর্থ-সামাজিক উন্নয়নে কাজ করে যাচ্ছে। আমানত সংগ্রহের মাধ্যমে মানুষের মাঝে সঞ্চয়ী মনোভাব গড়ে তোলা, শিল্প-বাণিজ্যের উন্নয়ন, আমদানী-রপ্তানী বৃদ্ধিতে ভূমিকা রাখা, এসএমই খাতকে এগিয়ে নেয়া, কৃষি উন্নয়নে অবদান, বৈদেশিক রেমিটেন্স সংগ্রহে অগ্রণী ভূমিকা রাখাসহ ব্যাংকিং এর সকল ক্ষেত্রে এ ব্যাংক উল্লেখযোগ্য অবদান রেখে চলেছে। বর্তমানে ব্যাংকের খেলাপী বিনিয়োগ মাত্র ১.৯৬% যা এর সম্পদের উন্নত গুণগত মানের প্রমাণ বহন করে। একই সাথে দেশের প্রচলিত আইন-কানুন মেনে এবং নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের সকল নীতিমালা পরিপালন করে একটি আদর্শ ইসলামী ব্যাংক হিসাবেও এ ব্যাংক যথেষ্ট সুনাম অর্জন করেছে। দেশের অন্যতম বৃহৎ অনলাইন নেটওয়ার্কের মাধ্যমে সবগুলো শাখা পরিচালনা, এটিএম সেবাসহ বিভিন্ন প্রকার আধুনিক ব্যাংকিং সেবা নিয়ে গ্রাহককে সন্তুষ্ট করে চলেছে।

শততম শাখায় পদার্পনের এ দীর্ঘ পদযাত্রায় আমরা সবসময় সমাজের বিভিন্ন স্তরের বিভিন্ন পেশার জ্ঞানী-ভণীজনের মূল্যবান পরামর্শ ও দিকনির্দেশনা পেয়ে এসেছি। আজকের এ আনন্দঘন মুহূর্তে আমি ব্যাংকের সকল শেয়ারহোল্ডার, আমানতকারী, বিনিয়োগ অংশীদার, শুভানুধ্যায়ী, নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষসহ অন্যান্য সকল ব্যক্তি বা প্রতিষ্ঠান যারা প্রত্যক্ষ বা পরোক্ষভাবে আমাদের প্রিয় প্রতিষ্ঠানটিকে সহযোগিতা প্রদান করেছেন তাদের সকলকে জানাই আমার আন্তরিক শ্রদ্ধা ও কৃতজ্ঞতা। আগামী দিনগুলোতে আমাদের এ অগ্রযাত্রা আরো বেগবান হবে ইনশাআহ।

একরামুল হক



এআইবিএল ক্যাপিটাল মার্কেট সার্ভিসেস লিঃ
(আল-আরাফাহ্ ইসলামী ব্যাংক লিঃ এর একটি সাবসিডিয়ারী কোম্পানী)

সর্বেশ্ঠ পরিচিতি

আল-আরাফাহ্ ইসলামী ব্যাংক লিঃ শুরু থেকেই পুঁজিবাজারে অবদান রেখে আসছে। দেশব্যাপি মোট ৯টি শাখার মাধ্যমে এর স্টক ব্রোকারেজ কার্যক্রম পরিচালিত হচ্ছে। এর মধ্যে ঢাকায় ৪টি, চট্টগ্রাম, সিলেট, খুলনা, বরিশাল এবং ব্রাহ্মণবাড়ীয়ায় ১টি করে শাখা রয়েছে। ডিএসই-তে লেনদেনের ভিত্তিতে এর অবদান ৩য়।

বাংলাদেশ ব্যাংক ও এসইসি প্রণীত নীতি অনুযায়ী ব্রোকারেজ ব্যবসা পরিচালনার জন্য ব্যাংকের সাবসিডিয়ারী কোম্পানী হিসেবে “এআইবিএল ক্যাপিটাল মার্কেট সার্ভিসেস লিমিটেড” ২১শে সেপ্টেম্বর, ২০১০ তারিখে প্রতিষ্ঠা লাভ করে। যার অনুমোদিত মূলধন ১০০০ কোটি টাকা এবং পরিশোধিত মূলধন ৪০০ কোটি টাকা। পুঁজিবাজারে এর বিনিয়োগ প্রায় ৭০০ কোটি টাকা।



এআইবিএল ক্যাপিটাল ম্যানেজমেন্ট লিঃ
(আল-আরাফাহ্ ইসলামী ব্যাংক লিঃ এর একটি সাবসিডিয়ারী কোম্পানী)

সর্বেশ্ঠ পরিচিতি

মার্কেট ব্যাংকিং কার্যক্রম পরিচালনার উদ্দেশ্যে আল-আরাফাহ্ ইসলামী ব্যাংক লিঃ এর একটি সাবসিডিয়ারী প্রতিষ্ঠান হিসেবে এআইবিএল ক্যাপিটাল ম্যানেজমেন্ট লিমিটেড (এআইবিএলসিএমএল) কোম্পানী আইন ১৯৯৪ এর অধীনে বিগত অক্টোবর ২৫, ২০১১ইং তারিখে প্রতিষ্ঠা লাভ করে। এর অনুমোদিত মূলধন ২০০ কোটি টাকা এবং পরিশোধিত মূলধন ৫০ কোটি টাকা। মার্কেট ব্যাংকিং লাইসেন্সের জন্য ইতোমধ্যে এসইসি-তে আবেদন করা হয়েছে। এর কার্যক্রম নতুন বছরের শুরুতে চালু হবে বলে আশা করা যাচ্ছে।

বদিউর রহমান

চেয়ারম্যান
আল-আরাফাহ্ ইসলামী ব্যাংক লিমিটেড



অভিনন্দন

সুপ্রিয় গ্রাহক, শেয়ারহোল্ডার, নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ ও শুভানুধ্যায়ীবৃন্দ, আসসালামু আলাইকুম। ১৯৯৫ সালের ২৭ সেপ্টেম্বর ঢাকার মতিঝিলে প্রথম শাখা চালুর মধ্য দিয়ে আল-আরাফাহ্ ইসলামী ব্যাংক লিঃ এর যাত্রা শুরু হয়েছিল। আজ দেশের সর্বদক্ষিণের উপকূলীয় শহর টেকনাফে ব্যাংক শততম শাখার মাইলফলক স্পর্শ করতে যাচ্ছে, আলহামদুলিল্লাহ্। সকলের সহযোগিতায় অর্জিত আজকের এ সাফল্যের জন্য আমি আন্তরিক অভিনন্দন ও গভীর কৃতজ্ঞতা প্রকাশ করছি।

বর্তমানে একটি ব্যাংকের জন্য প্রতিটি দিন, প্রতিটি মুহূর্ত চ্যালেঞ্জের। শরীয়াহ ভিত্তিক ব্যাংকগুলোর জন্য এ চ্যালেঞ্জের মাত্রা আরো বেশী। কেননা সেবাদানকারী আর্থিক প্রতিষ্ঠান হিসেবে উন্নত সেবা প্রদানের পাশাপাশি শরীয়াহ পরিপালনের বাধ্যবাধকতা আমাদেরকে পুঙ্খানুপুঙ্খভাবে পরিপালন করে চলতে হয়। আলহামদুলিল্লাহ্, আমাদের দীর্ঘ চলার পথে প্রতিটি ধাপে, প্রতিটি স্তরে যুক্ত হয়েছে ছোট-বড় অসংখ্য অর্জন। ব্যবসার প্রতিটি ক্ষেত্রে আমরা লাভ করেছি অসামান্য সাফল্য। সেইসব ছোট-বড় সাফল্যের যোগফল আজকের সমৃদ্ধ আল-আরাফাহ্ ইসলামী ব্যাংক। বাংলাদেশ ব্যাংকের নীতিমালা অনুসরণ করে দেশের প্রত্যন্ত অঞ্চলে ব্যাংকিং সেবা-বঞ্চিত এলাকায় ব্যাংকিং কার্যক্রম ছড়িয়ে দিতে আমরা কাজ করে চলেছি। একই লক্ষ্যে আমরা মোবাইল ব্যাংকিং সেবা চালু করার উদ্যোগ নিয়েছি।

সমগ্র দেশবাসী আমাদের আজকের সফলতার অংশীদার। বিশেষ করে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ও নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ হিসাবে বাংলাদেশ ব্যাংকের কথা আমি বিশেষভাবে শ্রদ্ধা করছি। শততম শাখার মাইলফলক স্পর্শ করার লক্ষ্যে আমাদের আবেদনের প্রেক্ষিতে বাংলাদেশ ব্যাংক কর্তৃপক্ষ ২টি অতিরিক্ত শাখা খোলার অনুমোদন প্রদান করেন। বাংলাদেশ ব্যাংকের অকৃত্রিম সহযোগিতার জন্য আমি গভর্নর মহোদয়, ডেপুটি গভর্নর মহোদয়গন সহ সকল কর্মকর্তা-কর্মচারীবৃন্দের প্রতি গভীর কৃতজ্ঞতা প্রকাশ করছি।

এ ব্যাংক প্রতিষ্ঠার প্রধান উদ্দেশ্য ছিল শরীয়াহ ভিত্তিক ব্যাংক সেবার মাধ্যমে মহান আল্লাহ রাকুল আল-আমীনের সন্তুষ্টি লাভ করা এবং দেশের মানুষকে তাদের ভয়াবহতা থেকে রক্ষা করা। সেই উদ্দেশ্য থেকে অদ্যাবধি আমরা বিদ্যমান বিচ্যুত হইনি। এ ব্যাংকের শরীয়াহ পর্যালোচনার জন্য রয়েছে স্বাধীন ও শক্তিশালী শরীয়াহ সুপারভাইজরি কমিটি। ব্যাংকের যেকোনো কার্যক্রমের ক্ষেত্রে এ কমিটির নির্দেশনাই চূড়ান্ত। ইসলামী ব্যাংকিং-এর সুফল সমাজের সব মানুষের দোরগোড়ায় পৌঁছানোর জন্য আমরা নিরলসভাবে কাজ করে চলেছি। আল্লাহ আমাদের সহায় হোন এবং অধিরাত্তের মুক্তি দান করুন -আমীন।

বদিউর রহমান

এ এন এম আব্দুল জাহের

চেয়ারম্যান
ইসলামিক ব্যাংকস কনসালটেন্টস ফোরাম



বাণী



দেশের ব্যাংকিং খাতের দ্বিতীয় প্রজন্মের ব্যাংক হিসেবে প্রতিষ্ঠিত আল-আরাফাহ্ ইসলামী ব্যাংক লিমিটেড এর শততম শাখার মাইলফলক স্পর্শকে আন্তরিকভাবে স্বাগত জানাই। দেশজুড়ে ব্যাংকিং সেবা বিস্তৃত করার পথে এটি নিঃসন্দেহে একটি উল্লেখযোগ্য ঘটনা। এ উপলক্ষে একটি বিশেষ ক্রোড়পত্র প্রকাশ করা হবে জেনে আমি আনন্দিত।

ইসলামী শরীয়াহভিত্তিক ব্যাংকিংয়ের মাধ্যমে আধুনিক ব্যাংকিং সেবা প্রদানের লক্ষ্য নিয়েই আল-আরাফাহ্ ইসলামী ব্যাংক লিমিটেড প্রতিষ্ঠিত হয়েছিল। সময়ের পরিক্রমায় অত্যন্ত সুনামের সঙ্গে এ ব্যাংক শরীয়াহ পরিপালনের পাশাপাশি, দারিদ্র্য বিমোচন ও গ্রামীণ জনগোষ্ঠীর জীবনমান উন্নয়নে ব্যাপকভাবে কাজ করে চলেছে। আমানত ও বিনিয়োগের পাশাপাশি বৈদেশিক রেমিটেন্স সংগ্রহ, ক্ষুদ্র ও মাঝারি শিল্পে (এসএমই) বিনিয়োগ বৃদ্ধি এবং গ্রীন ব্যাংকিংয়ের ওপর বিশেষ গুরুত্ব দিচ্ছে। শাখা নেটওয়ার্ক স্থাপনের ক্ষেত্রে দেশের প্রত্যন্ত অঞ্চল সমূহকে বিশেষ করে যেখানে ব্যাংকিং সেবা এখনও পৌঁছেনি অথবা প্রয়োজনের তুলনায় অপূর্ণাঙ্গ সে সব অঞ্চলকে প্রাধান্য দিয়ে আসছে। এরই ধারাবাহিকতায় বাংলাদেশের সর্বদক্ষিণের প্রত্যন্ত ভূখণ্ড টেকনাফে ব্যাংকের শততম শাখা উদ্বোধনের মাধ্যমে ব্যাংক যে অনন্য নজির স্থাপন করতে চলেছে, তা দেশের যেকোনো ব্যাংকের জন্যই দিকনির্দেশনা হয়ে থাকবে বলে আমি মনে করি।

ইসলামিক ব্যাংকস কনসালটেন্টস ফোরামের পক্ষ থেকে আমি এ ব্যাংকের সাথে সর্বেশ্ঠ সকলকে শুভেচ্ছা জানাচ্ছি ও এর উত্তরোত্তর সাফল্য কামনা করছি। আগামী দিনগুলোতে উন্নত গ্রাহকসেবা নিয়ে ব্যাংকটি দেশের সর্বত্র ছড়িয়ে যাক -এটাই আমার প্রত্যাশা। খোদা হাফেজ।

এ এন এম আব্দুল জাহের

মুফতী আব্দুর রহমান

চেয়ারম্যান
শরীয়াহ সুপারভাইজরি কমিটি
আল-আরাফাহ্ ইসলামী ব্যাংক লিঃ

বাণী

বিস্মিলাহির রাহমানির রাহিম।

আল-আরাফাহ্ ইসলামী ব্যাংক লিমিটেড-এর ১০০তম শাখা টেকনাফের আল-জামিয়া মার্কেটে উদ্বোধন হতে যাচ্ছে জেনে মহান আল্লাহ তা'আলার শুকরিয়া আনায় করছি।

আল্লাহ তা'আলা তাঁর প্রেরিত সর্বশেষ আসামী কিতাব কুরআন মজীদে ব্যবসাকে হালাল এবং সুদকে হারাম ঘোষণা করেছেন। আল-আরাফাহ্ ইসলামী ব্যাংক লিমিটেড তার সূচনালগ্ন থেকেই দেশের বিশিষ্ট মুফতী, উলামায়ে কেরাম ও অভিজ্ঞ ইসলামী চিন্তাবিদদের সমন্বয়ে শরীয়াহ সুপারভাইজরি কমিটি গঠন করে। এ কমিটি ব্যাংকের যাবতীয় কার্যক্রমে শরীয়াহ সম্মত প্রয়োজনীয় দিক-নির্দেশনা ও ফাতওয়া এবং পরামর্শ দিয়ে আসছে। এছাড়াও এ ব্যাংক তার যাবতীয় কার্যক্রমে ইসলামী শরীয়াহ বাস্তবায়নে প্রতিক্রিবিদ্ধ হওয়ায় আমরা এ ব্যাংকের সাথে সম্পৃক্ত রয়েছি।

আমি আশা করছি যে, ব্যাংকের পরিচালক পর্ষদসহ ব্যবস্থাপনা কর্তৃপক্ষ শরীয়াহ পরিপালনে আরো সতর্ক ও যত্নবান হবেন, সাথে সাথে মহান আল্লাহ তা'আলার নিকট প্রার্থনা করছি যে, ব্যাংকটি শরীয়াহ'র নির্দেশিত পথে থেকে তার বর্তমান প্রবৃদ্ধির ধারা সমুন্নত রাখার মাধ্যমে দেশের মানুষের কাছে ইসলামী ব্যাংকিংয়ের কল্যাণ পৌঁছে দিতে সক্ষম হবে। আমি আল-আরাফাহ্ ইসলামী ব্যাংক লিমিটেডের ১০০তম শাখা উদ্বোধনের এ মুহূর্তে বিশেষ ক্রোড়পত্রসহ তাদের যাবতীয় উদ্যোগের সাফল্য কামনা করছি। আমীন।

মুফতী আব্দুর রহমান

এসএমই বিনিয়োগ

দেশের ক্ষুদ্র ও মাঝারি শিল্প খাতের যথাযথ বিকাশ ও এর দ্রুত অগ্রগতি নিশ্চিত করতে আল-আরাফাহ্ ইসলামী ব্যাংক বেশ কয়েকটি স্কীম চালু করেছে। ২০১১-১২ অর্থবছরের জন্য কৃষি খাতে বিনিয়োগের নির্ধারিত ১২২.০০ কোটি টাকার লক্ষ্যমাত্রা অর্জন করার ব্যৱাদেশ ব্যাংক থেকে প্রশাসনিক সন্দপন্ন লাভ করেছে। ২০০১ সাল থেকে গ্রামীণ দরিদ্র জনগোষ্ঠীর জন্য সম্পূর্ণ জামানতবিহীন মাইক্রোফাইন্যান্স কর্মসূচী চালু রয়েছে।

ব্যাংক এর একটি গুরুত্বপূর্ণ প্রকল্প হলো সৌরবিদ্যুৎ বিনিয়োগ প্রকল্প। এ প্রকল্পের মাধ্যমে সাম্প্রতিক আল-আরাফাহ্ খামারবাড়ীঃ সম্প্রতি 'আল-আরাফাহ্ খামারবাড়ী' নামে একটি নতুন প্রকল্প হাতে নেয়া হয়েছে। এ প্রকল্পের মাধ্যমে পট্টা অঞ্চলের কৃষকদের সংগঠিত আধুনিক ব্যাংকিং সেবার সুযোগ পৌঁছে দিতে করে সরাসরি ফসল উৎপাদনে সহায়তা করা হবে।

“আল-আরাফাহ্ কৃষক/মুক্তিযোদ্ধা মুদারাবা সঞ্চয়ী হিসাব” নামে একটি ব্যক্তিগত কল্যাণধর্মী প্রকল্প গ্রহণ করা হয়েছে।

বিনিয়োগ খাত এসএমই গ্রাহক সংখ্যা মোট বিনিয়োগ ১৬৬৪.৬৩ কোটি ২৮৩৬ জন ১৯৮.৮২ কোটি ২৮২৬৪ জন ১৯২১ জন ৮৩.